এক ঘন্টার বৃষ্টিতে পানিতে ভাসল ব্যবসায়ীদের সব্জী

দীর্ঘ অনাবৃষ্টির পর এক ঘন্টার ঝুম বৃষ্টিতে তলিয়ে গেলো মুজিবনগরের কেদারগঞ্জ সাপ্তাহিক হাট।

কেদারগঞ্জ হাটের ইজারাদার ও স্থানীয় ইউপি সদস্য রাকিবুল ইসলাম বলেন, বেলা ১২ টার দিকে সব্জী ও মাছ ব্যবসায়ীরা প্রতিদিনের মতই ব্যবসা শুরু করেন। স্থানীয় ক্রেতারাও আসতে শুরু করেন হাটে। বেচা কেনা যখন জোরে শোরে শুরু হয়েছে। বেলা ৩ টার দিকে ঝুম বৃষ্টি শুরু হয়ে প্রায় ঘন্টা ব্যাপি চলে। বৃষ্টির সময়ে ব্যবসায়ীরা তাদের চোটের মালামাল তুলে নিয়ে নিরাপদ স্থানে আসতে পারেনি। ব্যবসায়ীদের আলু, পটল, কাঁচা মরিচ, শাক সব্জীসহ অন্যান্য কাঁচা মাল হাটু পানিতে ভাসতে থাকে।পরে ৪ টার দিকে বৃষ্টি থেমে গেলেও হাটু পানি জমে থাকে হাটে। কোনো উপায়ন্তর না পেয়ে হাটু পানিতে দাঁড়িয়ে ক্রেতা ও বিক্রেতারা ক্রয় বিক্রয় চালিয়ে নেন।

তিনি অভিযোগ করেন, সরকারকে প্রতি বছর ভ্যাটসহ প্রায় ৩ লাখ টাকা দিয়ে হাট ডাকতে হয়। অথচ, হাটের কোনো উন্নয়ন নেই। এখানে সরকারিভাবে একটি টিউবওয়েল ও দুই টি গণসৌচারাগর স্থাপন করা হলেও টিউবওয়েল ও সৌচাগার অকেজো হয়ে যাওয়ায় ক্রেতা বিক্রেতারা উভয়ে সমস্যায় পড়ছে প্রতিনিয়ত। হাটটিতে প্রায় ৩ শতাধিক ব্যবসায়ী ব্যবসা করলেও এখ্যানে শেড রয়েছে মাত্র একটি। যেখানে মাত্র কয়েকজন সব্জী বিক্রেতা ব্যবসা করতে পারেন।অনেক আগে হাটের মধ্যে মাত্র একটি ড্রেন নির্মাণ হলেও সেটি এখন আর পানি নি:স্কাশন হয়না। মাছ ব্যবসায়ীদের ময়লা পানি যাওয়ার ফলে ড্রেনটি প্রায় মৃতু হয়ে পড়েছে।এবিষয়গুলো নিয়ে মুজিবনগর ইউএনওকে বারবার মৌখিক আবেদন করার পরেও হাটটির উন্নয়নে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

সব্জী ব্যবসায়ী সাইফুল ইসলাম বলেন, প্রায় ২৫ বছর ধরে এই হাটটিতে ব্যবসা করছি আমি।এই প্রথম হাটটি পানিতে ডুবে গেছে। এখানে একটি ড্রেন থাকলেও মৎস্য আড়তের ময়লা পানি ফেলার ফলে ড্রেনটি প্রায় বন্ধ হয়ে গেছে। এটি সংস্কার করার দাবী করেন এই ব্যবসায়ী।মাছ ব্যবসায়ী নাজিরাকোনা গ্রামের জহির হোসেন বলেন,

আমি এই হাটে বসে ২৫ বছর মাছের ব্যবসা করি। এই প্রথম হাটু পানি জমে যাওয়া দেখলাম। তিনি বলেন, এখানে নিয়মিত কর দিলেও কোনো উন্নয়ন চোখে দেখিনি। হাটে পানি জমার কারণে ক্রেতা আসছেনা। আজকে বেচাকেনাও নেই।

স্থানীয় ক্রেতা বাগোয়ান গ্রামের নুরুল ইসলাম বলেন, সব কিছুই ভিজে গেছে। এই ঝাল পেয়াঁজ কিনলে রাতের মধ্যেই পচে নষ্ট হয়ে যাবে।

মানিকনগর গ্রামের ক্রেতা রসুল শেখ বলেন, কাঁদার মধ্যে বাজার করা সম্ভব নয়। এছাড়া পানির উপর ভাসছে আলু পটুলসহ অন্যান্য সব্জী। এই সব্জী কিনে বাড়িতে নিয়ে যাওয়া যাবেনা। তাই বাজার না করেই ফিরে যাচ্ছি।

আকাশ রহমান ও গৌরিনগর গ্রামের রমজান আলী বলেন, পানির বিড়ম্বনার কারণে বাজার না করেই ফিরছি। বাজারের সব্জী কিনলে পচে যাবে।

সব্জী ব্যবসায়ী লিটন হোসেন, নওশাদ আলী ও আব্দুল কাদের বলেন, যখন ব্যবসা শুরু হবে, ঠিক সেই সময় বৃষ্টি শুরু হয়েছে। বৃষ্টিতে ক্রেতারা পালিয়ে গেলেও আমাদের সব সব্জীই নষ্ট হয়ে গেছে। কিছুটা বিক্রি করতে পারলেও অধিকাংশ সব্জীই পচে যাবে।

হাটটির সমস্যা নিয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, হাট বাজার রক্ষাণা বেক্ষণ ও সংস্কার কমিটির সভাপতি স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। এছাড়াও কিছু সংগঠণ ও বেসরকারী উন্নয়ন সংগঠণগুলোও কাজ করেন। প্রতি বছরই চেয়ারম্যানদের কাছ থেকে হাট বাজারগুলোর সংস্কার ও উন্নয়নের জন্য চাহিদা চাওয়া হয়। তাদের দেওয়া চাহিদা অনুযায়ী সেসব হাট বাজারের উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়। কেদারগঞ্জ হাটটির সভাপতি ও বাজারের ইজারদারদের সাথে কখা বলে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরের ভৈরব নদীতে ভ্রাম্যমাণ অভিযান, ৫০ টার বেশি চাইনা জালে আগুন

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে আজকে চতুর্থ দিন নির্ধারিত কর্মসূচি আওতায় ভৈরব নদীতে জেলা মৎস্য অফিসের অভিযানে ৫০ টার বেশি চাইনা দুয়ারী জাল আটক করে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মেহেরপুর পন্ডের ঘাটে এই অভিযান পরিচালনা করা হয়।

জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামানের নেতৃত্বে এ অভিযান চালানো হয়। এসময় তিনি বলেন, আমাদের কাছে গোপন সংবাদ আসে ভৈরব নদীতে অবৈধভাবে নিষিদ্ধ চায়না দুয়ারী জাল পেতে মাছ শিকার করছে কিছু অসাধু ব্যাক্তি। তারই পরিপেক্ষিতে আজ সকালে মেহেরপুর পন্ডের ঘাটে অভিযান চালিয়ে নদীর দুই পাড়ে পঞ্চাশের অধিক চায়না দুয়ারী জাল নদী থেকে তুলে আগুন দিয়ে বিনষ্ট করা হয়ছে। যার মূল্য প্রায় দুই লক্ষ টাকা।

সহকারী মৎস্য কর্মকর্তা জাকির হোসেন, মৎস্য খামার কর্মকর্তা বদিউল আলম জুয়েল জোয়ারদার, শেখ নিজাম উদ্দিন প্রমুখ এসময় উপস্থিত ছিলেন।

গাংনীতে ওষুধ কিনতে গিয়ে লাশ হলেন বৃদ্ধা ফুলজান

ওষুধ কিনতে গিয়ে মাইক্রোবাস চাপায় নিহত হলেন ফুলজান খাতুন(৮০) নামের এক বৃদ্ধা। নিহত ফুলজান খাতুন গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের পশ্চিমপাড়া এলাকার মৃতু রহমতুল্লাহ স্ত্রী।

আজ মঙ্গলবার (২৬ জুলাই) দুপুরের দিকে বামন্দী-কাজিপুর সড়কের বালিঘাট গ্রামের সামাদ হাজী বাড়ির সামনে এ সড়ক দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয়রা জানান, বৃদ্ধা ফুলজান খাতুন ওষুধ কেনার জন্য বালিয়াঘাট মোড়ের একটি ওষুধের দোকানে যাচ্ছিলেন। রাস্তা পার হওয়ার সময় একটি দ্রুতগামী মাইক্রোবাস তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। রাস্তার উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান তিনি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, এঘটনায় কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তারপরেও খোঁজ খবর নেয়া হচ্ছে।

গাংনীতে মৎস্য দপ্তরের অভিযানে অবৈধ জাল উদ্ধার

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ এর কর্মসূচির অংশ হিসেবে গাংনী উপজেলা মৎস্য দপ্তরের উদ্যোগে একটি সরকারি খালে অভিযান চালিয়ে অবৈধ জাল জব্দ করে ধ্বংস করা হযয়েছে।

আজ মঙ্গলবার (২৬ জুলাই) বেলা সাড়ে ১১ টার সময় গাংনী উপজেলার রায়পুর গ্রামের সরকারি খালে এ অভিযান চালানো হয়। এসময় ওই খাল থেকে অবৈধ জাল জব্দ করে তা ধ্বংস করা হয়।

অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান। সময় তাকে সহযোগীতা করেন গাংনী থানার উপপরিদর্শক (এসআই)আশিকুর রহমানসহ সঙ্গীয় ফোর্স। উপস্থিত ছিলেন মৎস্য দপ্তরের সহকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন ।

গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান বলেন, সরকারি খালে দীর্ঘদিন ধরে এলাকার কিছু অসাধু ব্যক্তি অবৈধ জাল দিয়ে বিভিন্ন দেশীয় জাতের ছোট বড় মাছ ধ্বংস করছিল। এলাকাবাসী এসব খাল বীল থেকে সব ধরনের অবৈধ জাল দিয়ে মাছ ধরা নিষেধ ও বাঁধ দ্রুত অপসারণের দাবী জানাচ্ছিলেন।

আজ অভিযান চালিয়ে রায়পুর খাল থেকে কিছু অবৈধ জাল জব্দ করে তা ধ্বংস করা হয়েছে।

এর আগে গাংনী উপজেলা শহরের মৎস্য বাজার পরিদর্শন করে ফরমালিনযুক্ত মাছ, পঁচা বা অস্বাস্থকর, নিষিদ্ধ ঘোষিত মাছ বেচা কেনা হচ্ছে কিনা নিশ্চত হন। বাজারের মাছ ব্যবসায়ীদের কে নিরাপদ মাছ বিপণনের জন্য জন্য নির্দেশনা প্রদান করা হয়। ”নিরাপদ মাছে ভরবো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এই স্লোগানে ২৩ জুলাই থেকে ২৯ শে জুলাই পর্যন্ত জাতীয় সপ্তাহ ২০২২ শুরু হয়েছে।

মুজিবনগরে মৎস্য সপ্তাহ উপলক্ষে ভৈরব নদীতে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে আজকে ৪র্থ দিন নির্ধারিত কর্মসূচি আওতায় ভৈরব নদীতে উপজেলা মৎস্য অফিস থেকে অভিযান পরিচালনা করে অবৈধ্য চাইনা দুয়াড়ী/গীটি জাল জব্দ করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার গৌরিনগর গ্রামের কাছর ভৈরব নদীতে এ ভ্রাম্মমান অভিযান পরিচালনা করেন। ভ্রাম্মমান অভিযান চলাকালীন সময় ভৈরব নদীতে পেতে রাখা ৩৫০ মিটারের ১১ টি চাইনা দুয়াড়ী/গীটি জাল জব্দ করা হয়। যার আনুমানিক মূল্য প্রায় ৬০ হাজার টাকা।

এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) মেহেদী রাসেল,উপজেলা সমাজ সেবা অফিসান আব্দুর রব,সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম(অপা) উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার জানান,মৎস্য সপ্তাহ উপলক্ষে ভৈরব নদীতে মোবাইল কোর্ট পরিচালনা

করা হয়। এ সময় মৎস্য সুরক্ষা ও সংরক্ষন আইন ১৯৫০ অনুযায়ী ভৈরব নদীতে পেতে রাখা ১১টি চাইনা দুয়াড়ী জাল জব্দ করা হয়।তবে জাল গুলোর মালিক পাওয়া যায়নি। তাদের অনুপস্থিতিতে জাল গুলো নদীতে অবৈধভাবে স্থাপন করা ছিল যেগুলো আমরা উঠিয়ে জব্দ করেছি।

গাংনী পৌরতে উপ-নির্বাচন আগামীকাল

আগামীকাল বুধবার গাংনী পৌরসভার ৭নং ওয়ার্ডের উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে।

উপনির্বাচন উপলক্ষে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করেছেন সহকারী রির্টানিং অফিসার । ভোট গ্রহন করা হবে ইলেক্ট্রনিক ভোটার মেশিন(ইভিএম) পদ্ধতিতে।

সহকারী রির্টানিং অফিসার আব্দুল আজিজ জানান, গাংনী পৌরসভার ০৭ নং ওয়ার্ড কান্সিলর মকছেদ আলীর মৃত্যুর পর কাউন্সিলর পদটি শূন্য হয় । উপ-নির্বাচন উপলক্ষে ভোট গ্রহনের সকল প্রস্ততি সম্পন্ন করেছেন নির্বাচন কমিশন। প্রয়োজনীয় সকল সরঞ্জাজামাদি প্রেরন করা হয়েছে সেই সাথে নিয়োগ করা হয়ে নিরাপত্তারক্ষ্মী।

কেন্দ্রটিতে ৮টি বুথের মাধ্যমে গ্রহন করা হবে ভোট। এ ওয়ার্ডে মোট ভোটার সংখা ২৪৬৪জন ।এদের মধ্যে পুরুষ ভোটার ১১৬২জন এবং নারী ভোটার সংখ্যা ১২৮২জন। নির্বাচন অবাধ সুষ্ঠ করতে আইন শৃঙ্খলা রক্ষাকরী লোক ছাড়াও মাঠে থাকবে ভ্রাম্যান আদালত ।

উপনির্বাচনের মোট চারজন প্রার্থী ভোট যুদ্ধে প্রতিদ্বন্দিতা করছেন। প্রার্থীদের মধ্যে মোতালেব হোসেন (পাঞ্জাবী) মার্কা,বদরুল আলম বুদু(টেবিল লাইট) মার্কা,শফিকুল ইসলাম শফি (উঠপাখি) মার্কা,এবং ছানোয়ার হোসেন। ছানোয়ার হোসেন মোতালেব হোসেনকে সমর্থন দিয়ে ভোটের মাঠ থেকে সরে পড়েছেন বলেও গুঞ্জন উঠেছে। তবে উপনির্বাচন হলেও গাংনীর বিভিন্ন মানুষের মধ্যে চলছে চুলচেরা বিশ্লেষন। কে হবেন শুন্য ওয়ার্ডের কাউন্সিলর। বিভিন্ন

চায়ের দোকান ও ভোটারদের মুখে শোনাগেছে মোতালেব হোসেন ও বদরুল আলম বুদুর সাথে হবে হাড্ডাহাড্ডি ভোটের লড়াই।

মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর

আগামীকাল ২৭ জুলাই মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদ নির্বাচনের নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন।

আগামীকাল বুধবার মেহেরপুরের সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদের উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে ।

আজ মঙ্গলবার সকাল থেকেই নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবু আনছার এসকল সরঞ্জাম বিতরণ করেন।

প্রশাসনিক কর্মরতরা জানান, নির্বাচনকে একটি উৎসব মুখর পরিবেশ তৈরী করতে সব ধরনের নিরাপত্তা বলয় তৈরী করা হয়েছে।

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার অভিযানে গ্রেফতার ৮

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ বিভিন্ন মামলায় ৮ আসামী গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও সিআর মামলায় ২ আসামী এবং মুজিবনগর থানা পুলিশ নিয়মিত মামলায় ২ আসামী গ্রেফতার করে।

সোমবার (২৫ জুলাই) সকাল থেকে আজ মঙ্গলবার (২৬ জুলাই) ভোররাত পর্যন্ত দুই টি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক ইউনিট অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল অভিযানে নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে মেহেরপুর সদর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা এফআইআরভূক্ত হয়েছে।

গ্রেফতারকৃত আসামীদের আজ মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর চৌগাছা খ্রীষ্টান পল্লীতে ক্রেতা সেজে গাঁজা ব্যবসায়ীকে আটক

ক্রেতা সেজে খ্রীষ্টান পল্লীতে অভিযান চালিয়ে ৫’শ গ্রাম গাঁজাসহ জোসেফ রোজারিও (৫০) নামের এক গাঁজা কারবারীকে আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আটক জোসেফ রোজারিও গাংনী উপজেলা চৌগাছা গ্রামের খ্রিষ্টান পল্লীর ক্লেমন্ট রোজারিওর ছেলে।

আজ মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি ইউনিট ক্রেতা সেজে তার বাড়িতে অভিযান

চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছ থেকে ৫ শ গ্রাম গাঁজা জব্দ করা হয়।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল মান্নান সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল মান্নান বলেন, ক্রেতা সেহজে তার বাড়িতে অভিযান চালানো জয়। জোসেফ রোজারিওরকে আটকের পর তার শয়ন কক্ষে তল্লাশী চালিয়ে সানসেটের উপর থেকে ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার হয়।

জোসেফ রোজারিওর বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ৮ টি মামলার আসামীসহ ২ জন আটক, ৬ গ্রাম হেরোইন জব্দ

মেহেরপুর সদর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৬ গ্রাম হেরোইন ও ৮ টি মামলার আসামীসহ দুই মাদক বিক্রেতা আটক হয়েছে।
এরা হলেন, সাইফুল ইসলাম(৪০) ও কামরুজ্জামান(৩০)।
সোমবার (২৫ জুলাই) দিবাগত রাত ৮ টার দিকে সদর উপজেলার বামন পাড়া এলাকায় অভিযান চালিয়ে এই দুজনকে আটক করে পুলিশ। এসময় তাদের দেহ তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ছয় গ্রাম হেরোইন উদ্ধার করে পুলিশ।
মেহেরপুর সদর থানার এসআই জুম্মান খানের নেতৃত্বে এ এস আই ইব্রাহিম বিশ্বাস ও এএস আই মোহাম্মদ মাহবুব সহ-সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান।
আটককৃত সাইফুল ইসলাম সদর উপজেলার বামন পাড়া এলাকার মানারুল ইসলামের ছেলে এবং কামরুজ্জামান মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার মৃত আব্দুল মুমিন শেখের ছেলে। দুজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।
আটক সাইফুল ইসলামের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে আটটি মামলা রয়েছে।

মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।